

স্মারক নং- ০০.৫১১.০০৬.০০.১৪.০০৯.০১৯-৩৪৪

তারিখ: ১৩/০৪/২০২২ইং

পুরাতন ভবন বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তিঃ-

চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলা সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের লক্ষ্যে উক্ত স্থানে স্থাপিত বিদ্যমান (১) উপজেলা পরিষদের হল রুম, ইসলামিক ফাউন্ডেশন, সিআই শীট লবি, পুরাতন ইউটিডিএসি বিল্ডিং এবং (২) উপজেলা পরিষদের কোর্ট বিল্ডিং যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদের (ব্যক্তি/প্রতিষ্ঠান) নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ১। আগ্রহী ক্রেতাগণ আগামী ১৪/০৪/২০২২ইং হতে ২৫/০৪/২০২২ইং পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল-১.০০ঘটিকা হতে ২.০০ঘটিকা পর্যন্ত) উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে যোগাযোগ করে নিলাম বিক্রয়োগ্য ভবন সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।
- ২। দরপত্রের সাথে জামানত হিসেবে মোট উদ্ধৃত মূল্যের ২৫% (পঁচিশ শতাংশ) উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম এর অনুকূলে তফসীলভুক্ত যে কোন বাণিজ্যিক ব্যাংক হতে পে অর্ডার/ব্যাংক ড্রাফট মারফত জমা দিতে হবে। চেকের মাধ্যমে প্রদত্ত কোন জামানত গ্রহণ করা হইবে না। জামানতের অর্থ ব্যতীত দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। অকৃতকার্য দরপত্র দাতাদের জামানত কার্যাদেশ প্রদানের পর ফেরত দেয়া হবে।
- ৩। দরপত্র বিক্রয়ের স্থান : উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বোয়ালখালী, চট্টগ্রাম এর কার্যালয়। তারিখ ও সময় : ২৪/০৪/২০২২ খ্রিঃ বিকাল ৩:৩০ টা পর্যন্ত।
- ৪। দরপত্র দাখিলের স্থান : উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বোয়ালখালী, চট্টগ্রাম এর কার্যালয়। তারিখ ও সময় : ২৫/০৪/২০২২ খ্রিঃ দুপুর ১:০০ টা পর্যন্ত।
- ৫। দরপত্র খোলার স্থান : সম্মেলন কক্ষ (অপারাজিতা), উপজেলা পরিষদ, বোয়ালখালী। তারিখ ও সময় : ২৫/০৪/২০২২ খ্রিঃ বিকাল ৩:০০ টা।
- ৬। নির্বাচিত দরপত্র দাতাকে পরবর্তী ৩(তিন) কর্ম দিবসের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় মূল্যে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত স্বরূপ দাখিলকৃত পে অর্ডার/ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত বলে গণ্য হবে এবং তৎসহ নিরাপত্তা জামানত হিসেবে উদ্ধৃত দরের ১০% অতিরিক্ত হিসেবে পে অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে, যা সন্তোষজনক কাজের শেষে ফেরত দেয়া হবে।
- ৭। নির্বাচিত দরপত্র দাতাকে তার উদ্ধৃত দরের উপর ৫% আয়কর এবং ৭.৫% ভ্যাট কার্যাদেশ গ্রহণের পূর্বে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।
- ৮। কার্যাদেশ/অফিস আদেশ প্রদানের তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে উক্ত ভবনসমূহ অপসারণ করতে হবে ও উক্ত সময়ের মধ্যে ভবন অপসারণ করতে ব্যর্থ হলে ১০% নিরাপত্তা জামানতসহ সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে এবং ভবন অপসারণের বাকী কাজ স্পষ্ট নিলামের মাধ্যমে ঠিকাদার নিয়োগ করা হবে।
- ৯। অনিবার্য কারণবশতঃ দরপত্র দাখিলের দিন বন্ধ থাকলে পরবর্তী কার্য দিবসে একই স্থানে ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলা হবে।
- ১০। দরপত্রের দর কথায় ও অংকে লিখতে হবে। মালামালসমূহ নিজ দায়িত্বে হেফাজত করতঃ নির্ধারিত সময়ের মধ্যে অপসারণ করতে হবে। মালামাল খোয়া গেলে বা চুরি হলে কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।
- ১১। দুর্ঘটনা সংক্রান্ত দায়-দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না। এ কাজ করতে গিয়ে অন্যের বা সাইটের অপ্রয়োজনীয় ক্ষতি করা যাবে না।
- ১২। কাজের শেষে নির্ধারিত সময়ের মধ্যে সাইট হতে (নির্মাণ সংক্রান্ত) সমুদয় আবর্জনা পরিষ্কার করতে হবে।
- ১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল অথবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করে।

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
বোয়ালখালী, চট্টগ্রাম।

ও

সভাপতি
উপজেলা নিলাম কমিটি
বোয়ালখালী, চট্টগ্রাম।

স্মারক নং- ৪৬.০২.১৫১২.০০০.৯৯.১৭১.২২-৩১৫

তারিখ: ১৩/০৪/২০২২ইং

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম।
- ৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।
- ৯। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বোয়ালখালী, চট্টগ্রাম।
- ১০। জনাব ,.....সদস্য, উপজেলা নিলাম কমিটি, বোয়ালখালী, চট্টগ্রাম।
- ১১। চেয়ারম্যান ,.....ইউনিয়ন পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।
- ১২। সম্পাদক, দৈনিক পূর্বকোন, ৯৭১/এ, সিডিএ এভিনিউ, চট্টগ্রাম। আগামী ১৪/০৪/২০২২ খ্রিঃ ভিতরের পাতায় ৩/৪ ইঞ্চি কলামে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
- ১৩। নোটিশ বোর্ড।
- ১৪। অফিস নথি।

রেজাউল করিম
13.04.22

উপজেলা প্রকৌশলী

ও

সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
বোয়ালখালী, চট্টগ্রাম।

ue.boalkhali@lged.gov.bd